

(প্রেস বিজ্ঞপ্তি)

০৮ ডিসেম্বর ২০২১ খ্রি.

**নগরীতে ভূমিকম্প সহনীয়
আবাসন নির্মাণ করার আহ্বান মেয়রের**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, দুর্যোগ প্রবণ দেশ হওয়া স্বত্বেও বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় অন্যান্য দেশের তুলনায় ভাল অবস্থানে আছে। তবে অপরিবর্তিত নগরায়নের কারণে চট্টগ্রামে ভূমিকম্পের ঝুঁকি রয়েছে। এই ঝুঁকি মোকাবেলায় আমাদেরকে ভূমিকম্প সহনীয় আবাসস্থল নির্মাণ করতে হবে। সেই পরিকল্পনা নিয়ে আমাদেরকে নগর সাজাতে হবে।

তিনি আজ বুধবার সকালে নগরীর ষোলশহরস্থ এলজিইডি ভবনে নগর স্বেচ্ছাসেবক সম্মেলন ২০২১'র অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

অনুষ্ঠানের আয়োজন করে বেসরকারি উন্নয়ন সংস্থা ইপসা, প্রয়াস-২। সহযোগিতায় ছিলো সেভ দ্য চিল্ড্রেন। কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম'র সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিদ্যুৎ স্ট্যান্ডিং কমিটির সভাপতি মো. মোর্শেদ আলম, বর্জ্য ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. মোবারক আলী, কাউন্সিলর মো. এসরাবুল হক, নুরুল আলম মিয়া, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর শাহীন আকতার রোজী, জেলা ত্রাণ কর্মকর্তা সজীব কুমার চক্রবর্তী, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ফায়ার সার্ভিসের সিনিয়র সেকশন অফিসার এনামুল হক, ইপসার উপ-পরিচালক নাছিমা বানু, প্রকল্প সমন্বয়কারী সানজিদা আকতার, সেভ দ্য চিল্ড্রেন'র পরিচালক রিফাত বিন সাত্তার, মোস্তাক হোসেন, ৮নং ওয়ার্ডের নগর স্বেচ্ছাসেবক পারভীন আক্তার মুন্নি, ১৯নং ওয়ার্ডের নগর স্বেচ্ছাসেবক সাইফুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আরো বলেন, কর্পোরেশনের ৪টি ওয়ার্ডে ১শ ৫০জন ভলান্টিয়ার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স'র মৌলিক প্রশিক্ষণ নিয়ে জাতীয় নগর স্বেচ্ছাসেবকের স্বীকৃতি পেয়েছে। নগর স্বেচ্ছাসেবকেরা এই কার্যক্রমে ইতিমধ্যে চট্টগ্রামের সর্বস্তরের মানুষের প্রশংসা কুড়িয়েছে। ২০১৯সালে ইপসা ও সেভ দ্য চিল্ড্রেন প্রয়াস-২ প্রকল্পের মাধ্যমে আরবান ভলান্টিয়ারদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করে।

এই নগর স্বেচ্ছাসেবকরা কোভিড-১৯ এ চরম বিপর্যয়ের সময় সাধারণ ছুটি ও লকডাউন কালীন বিধিনিষেধ বাস্তবায়ন ও মানবিক সহায়তার দৃষ্টান্ত স্থাপন করেছে। চসিক ৪১টি ওয়ার্ডে ১হাজার ৫শ জনের স্বেচ্ছাসেবক টিম গড়ে তুলেছে। যারা সমগ্র চট্টগ্রামে ডেঙ্গু, চিকনগুনিয়া রোধে মাসব্যাপী কার্যক্রম বাস্তবায়ন করে সাড়া জাগিয়েছে। মেয়র আগামীতে এই তরুণ স্বেচ্ছাসেবকদের নিয়ে চট্টগ্রাম নগরীকে একটি আধুনিক নগরীতে রূপান্তর করার প্রত্যয় ব্যক্ত করেন।

বিশ্ব প্রতিবন্ধী দিবসের আলোচনা সভায় মেয়র

প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে

সরকারের পাশাপাশি সবাইকে উদ্যোগী হতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আজকের প্রযুক্তি নির্ভর যুগে প্রতিবন্ধীরা সমাজের জন্য বোঝা নয় বরং সম্পদ স্বরূপ। তাদেরকে সঠিক প্রশিক্ষণ ও পরিচর্যা করা গেলে তারা সমাজে বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে সমাজকে উন্নতির চরম শিখরে নিতে পারবে। এই কথা ইতিমধ্যে বহুক্ষেত্রে প্রমাণিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে শিল্পকলা একাডেমীতে স্বেচ্ছাসেবী প্রতিবন্ধী উন্নয়ন সংগঠন পরশ'র উদ্যোগে বিশ্ব প্রতিবন্ধী দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

হাজেরা তজু ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ দবীর উদ্দিন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, এইউসিডি'র সভাপতি সভাপতি আফিয়া বেগম, সহ-সভাপতি আলী আহমেদ খান, পরশ'র সভাপতি মো. আল আমিন, সাধারণ সম্পাদক মো. সুরুত আলম, মো. ফয়সাল ইব্রাহিম।

মেয়র আরো বলেন, প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নানাধরণের কর্মসূচী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছেন। প্রতিবন্ধীদের প্রতি আন্তরিকতা রেখে সরকারের পাশাপাশি বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে বিশেষ করে বিত্তবানদের সহযোগিতার হাত বাড়াতে আহবান জানান।

চসিক প্রকৌশলী বুলন কুমার দাশের

মায়ের মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) বুলন কুমার দাশের মাতা জ্যোৎস্না রানী দাশের মৃত্যুতে চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় তিনি তাঁর আত্মার সদগতি কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩